# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 10 July, 2025

যশোরের বাঘারপাড়া উপজেলায় ঘরের ভেতর স্টিলের বাক্স থেকে সুচিত্রা দেবনাথ (৫৮) নামে এক গৃহবধূর লাশ উদ্ধার করেছে পুলিশ।এ ঘটনায় তার স্বামী তপন দেবনাথ (৬৪)-কে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

বুধবার (৯ জুলাই) রাত ১০টার দিকে বাঘারপাড়া উপজেলার বাসুয়াড়ী ইউনিয়নের ঘোষনগর গ্রাম থেকে লাশটি উদ্ধার করা হয়।

নিহতা সুচিত্রা দেবনাথ ওই গ্রামের বাসিন্দা তপন দেবনাথের স্ত্রী।

স্টিলের বাক্সে হাঁটু ভাঁজ করা অবস্থায় লাশ

স্থানীয়দের বরাত দিয়ে পুলিশ জানায়, সকালে সুচিত্রা দেবনাথকে শেষবারের মতো জীবিত দেখা যায়।এরপর তপন দেবনাথ যশোর শহরে যান।দুপুরে তিনি বাড়ি ফিরে স্ত্রীকে খুঁজে না পেয়ে প্রতিবেশীদের সহায়তায় খোঁজাখুঁজি শুরু করেন।

একপর্যায়ে ঘরের ভেতর লেপ-তোষক রাখার স্টিলের বাক্স খুলে ভেতরে কাপড় ও বালিশের নিচে হাঁটু ভাঁজ করে রাখা অবস্থায় স্ত্রীর নিথর দেহ দেখতে পান তপন।পরে তিনি পুলিশে খবর দেন।

খবর পেয়ে রাত ৯টার দিকে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে এবং রাত ১০টার দিকে লাশ উদ্ধার করে।

মাথায় আঘাত, ঠোঁটে কাটা দাগ

বাঘারপাড়া থানার ওসি ফকির তাইজুল রহমান জানান, নিহতের মাথায় আঘাতের চিহ্ন এবং ঠোঁটে হালকা কাটা দাগ রয়েছে।প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, মাথায় আঘাত করে হত্যা করার পর লাশ বাক্সে ঢেকে রাখা হয়েছিল।

তিনি আরও বলেন, নিহত দম্পতির মধ্যে দীর্ঘদিন ধরে পারিবারিক কলহ চলছিল।একমাত্র ছেলে যশোর শহরে থাকেন এবং মেয়েদের বিয়ে হয়ে গেছে।বাড়িতে শুধু স্বামী-স্ত্রীই থাকতেন।

লাশ ময়নাতদন্তের জন্য যশোর জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে বলে জানান ওসি।হত্যাকাণ্ডের সঙ্গে স্বামীর সম্পৃক্ততা রয়েছে কিনা তা জানতে তপন দেবনাথকে আটক করে জিজ্ঞাসাবাদ চলছে।

যশোর লাশ উদ্ধার পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:47

URL: https://timestodaybd.com/public/national/7758074511